

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩২৮

১/ বিবিধ

আরবী

قَلْ: اللَّهُمَّ غَارَتِ النَّجُومُ، وَهَدَأَتِ الْعَيُونُ، وَأَنْتَ حَيٌّ يَا قَيْوَمٌ! أَنْمَ عَيْنِي،
وَأَهْدِي لِلَّيلِ
ضَعِيفٌ جَدًا

أخرجه الطبراني في "الكبير" (4817) من طريق عمرو بن الحصين العقيلي: حدثنا محمد بن عبد الله بن علامة: حدثنا ثور بن يزيد عن خالد بن معدان قال: سمعت عبد الملك بن مروان يحدث عن أبيه عن زيد بن ثابت قال: أصابني أرق من الليل، فشكوت ذلك إلى رسول الله صلى الله عليه وسلم فقال: (فذكره) فقلتها فذهبعني قلت: وهذا إسناد ضعيف جداً؛ عمرو بن الحصين متزوك متهم، وابن علامة فيه ضعف، وبالاول فقط أعله الهيثمي في "مجمع الزوائد" (10/128)

বাংলা

১৩২৮। আপনি বলুন, হে আঞ্চাত্ত! নক্ষত্রগুলো ব্যতিব্যস্ত হয়ে পড়েছে, চক্ষুগুলো শান্ত হয়ে গেছে, এমতাবস্থায় যে, তুমি চিরজীব, চিরস্থায়ী হে চিরজীব, চিরস্থায়ী, হে চিরজীব, চিরস্থায়ী। তুমি আমার চোখে নিদ্রা দিয়ে দাও এবং আমার রাতকে তুমি শান্ত করে দাও।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি ইমাম ত্বরানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে (৪৮১৭) আমর ইবনুল হসায়েন ওকায়লী হতে, তিনি মুহাম্মদ ইবনু আবদিল্লাহ ইবনে আলাসা হতে, তিনি সাওর ইবনু ইয়ায়ীদ হতে, তিনি খালেদ ইবনু মিদান হতে, তিনি বলেনঃ আমি আব্দুল মালেক ইবনু মারওয়ানকে তার পিতা হতে হাদীস বর্ণনা করতে শুনেছি, তিনি যায়েদ

ইবনু সাবেত (রাঃ) হতে বর্ণনা করেছেন তিনি বলেনঃ রাতে আমাকে অনিদ্রা পেয়ে বসলে আমি রসুল সান্নাহাল্লু আলাইহি ওয়াসান্নাম-এর নিকট বিষয়টি উপস্থাপন করলাম, তিনি বললেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। বর্ণনাকারী আমর ইবনুল হুসায়েন মাতৃক, যিথ্যা বর্ণনা করার দোষে দোষী। আর ইবনু আলাসার মধ্যে দুর্বলতা রয়েছে। হায়সামী “মাজমাউয যাওয়াইদ” গ্রন্থে (১০/১২৮) শুধুমাত্র প্রথম জনের দ্বারায় সমস্যা বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72207>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন